



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

নির্বাহী প্রকৌশলী (সওকা/এসডিএমআইডিপি) এর কার্যালয়

সিলেট রিজিয়ন, শেখঘাট, সিলেট।

ফোন- +৮৮-০৮২১-৭১৬৭০৮, ফ্যাক্স-৮৮-০৮২১-৭১৬৭০৮, ই-মেইল- xenbadc.sylhet@gmail.com

স্মারক নং- নিপ্র/বিএডিসি/সিলেট/২০১৬-১৭/২২

তারিখঃ ১০.০৪.২০১৭ খ্রি:

বিষয়ঃ সেচ অবকাঠামো সংক্রান্ত তথ্য ও মতামত প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ সদস্য পরিচালক (ক্ষুদ্রসেচ), বিএডিসি, ঢাকা মহোদয়ের দপ্তরের স্মারক নং- ১০৩, তারিখঃ ১৪/০৩/২০১৭ খ্রি: এবং সিনিয়র সহকারী পরিচালক (খামার), বিএডিসি, সিলেট দপ্তরের স্মারক নং-২৯৮, তারিখঃ ১৬/০৩/২০১৭ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র রিজিয়নের আওতাধীন বিএডিসির ১০০ একর বিশিষ্ট একটি খামার ও ৯.১৬ একর বিশিষ্ট একটি এএসসি রয়েছে। বর্ণিত খামার ও এএসসি দুটি সরেজমিনে পরিদর্শনকরতঃ সংশ্লিষ্ট খামারের সিনিয়র সহকারী পরিচালক ও এএসসির উপ-পরিচালকের সহিত পরামর্শক্রমে নিম্ন বর্ণিত প্রস্তাব সমূহ প্রেরণ করা হলো।

খামারের প্রস্তাবিত কাজের তালিকা

ক্র: নং	কাজের নাম	পরিমাণ	মতামত
০১	গভীর নলকূপ স্থাপন (১.৫ কিউসেক)	০১ টি	বিগত ২০১৫-১৬ অর্থ বছরে সিলেটের বীজ উৎপাদন খামারে গভীর নলকূপ স্থাপনের জন্য ১০০০ ফুট গভীরতা বিশিষ্ট ৩টি টেস্ট বোরিং করা হয়। উক্ত ৩টি টেস্ট বোরিং-এর কোনটিতেই গভীর নলকূপ স্থাপন করার জন্য উপযোগী কোন স্তর (Aquifer) পাওয়া যায় নাই। তাই বর্ণিত খামারে গভীর নলকূপের পরিবর্তে ৪টি অগভীর নলকূপ স্থাপন, ২টি ২-কিউসেক বিদ্যুৎ চালিত এলএলপি ক্ষেত্রায়ন, ১০ কি.মি. খাল-ছড়া পুনঃ খনন ও ২টি পানি নিয়ন্ত্রণ অবকাঠামোসহ আনুষঙ্গিক কাজসমূহ সম্পাদন করা প্রয়োজন।
০২	অগভীর নলকূপ স্থাপন	০৪ টি	
০৩	এলএলপি ক্ষেত্রায়ন (২ কিউসেক)	০২ টি	
০৪	খাল-ছড়া পুনঃ খনন	১০ কি.মি.	
০৫	ভূপরিষ্ক সেচ নালা নির্মাণ	০৩ কি.মি.	
০৬	ভূগর্ভস্থ সেচনালা (বারিড পাইপ) নির্মাণ	০৪ কি.মি.	
০৭	পানি নিয়ন্ত্রণ অবকাঠামো নির্মাণ (ছেট আকারের)	০২ টি	
০৮	বক্স কালভার্ট নির্মাণ	০২ টি	

এএসসি'র জন্য প্রস্তাবিত কাজের তালিকা

ক্র: নং	কাজের নাম	পরিমাণ	মতামত
০১	ভূগর্ভস্থ সেচনালা (বারিড পাইপ) নির্মাণ	০৪ কি.মি.	এএসসি-তে পূর্বে স্থাপিত ১টি অগভীর নলকূপ রয়েছে। বর্ণিত অগভীর নলকূপটি সহ আরো নতুন ১টি গভীর নলকূপ স্থাপন করলে ০৪ কি. মি. ভূগর্ভস্থ সেচ নালা নির্মাণ করা প্রয়োজন।
০২	বক্স কালভার্ট নির্মাণ	০১ টি	
০৩	গভীর নলকূপ স্থাপন (১.৫ কিউসেক)	০১ টি	

এ ব্যাপারে পরবর্তী প্রয়োজনীয় সদয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে অনুরোধ জানানো যাচ্ছে।

সংযুক্তঃ সিনিয়র সহকারী পরিচালক (খামার), বিএডিসি, সিলেট কর্তৃক প্রেরিত প্রস্তাব ১ প্রস্ত (৯ পাতা)

১০/০৪/১৭

(প্রকৌ. প্রনজিত কুমার দেব)

নির্বাহী প্রকৌশলী (সওকা)

বিএডিসি, সিলেট রিজিয়ন, সিলেট।

সদস্য পরিচালক (ক্ষুদ্রসেচ)

বিএডিসি, কৃষিভবন, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), বিএডিসি, কৃষিভবন, ঢাকা।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), বিএডিসি, সিলেট সার্কেল, সিলেট।
- ৩। অফিস কপি।